

বৈজ্ঞানিক নাম: *Bemisia tabaci* **বর্গ:** Hemiptera **পরিবার:** Aleyrodidae

পোকা শনাক্তকারী বৈশিষ্ট্য:

পোকার আকৃতি অনেকটা হার্ট আকৃতির বা পান পাতার মত। সাদা রং এর দুটি পাখা আছে। পোকা আকারে বেশ ক্ষুদ্র। এ পোকার বাচ্চারা সাদা সাদা তুলার মত এক ধরনের আবরণের নিচে লুকিয়ে থাকে। পূর্ণঙ্গ পোকারা তুলার মত আবরণের উপরে থাকে।

ক্ষতির লক্ষণ:

- পাতার নিচের দিকে তুলার মত সাদা থোকা আকারে পোকা দেখা যায়।
- আক্রমণের শুরুতে অল্প দেখা গেলেও ধীরে ধীরে তা বেড়ে পুরো পাতা এবং শেষে সমস্ত গাছেই আক্রমণ হয়।
- আক্রান্ত পাতায় আলতো করে টোকা দিলে সাদা রং এর পোকা উড়তে দেখা যায়।
- পূর্ণ বয়স্ক ও বাচ্চা পোকা পাতার রস চুষে খায় ফলে পাতা বিবর্ণ হয়ে যায় এবং আক্রমণ তীব্র হলে পাতা শুকিয়ে মচমচে হয়ে যায়।
- আক্রান্ত গাছে ফুল, ফল কম হয় অথবা মোটেই ফল ধরে না। ফল ধরলেও সেগুলো বড় হয়না।
- বয়স্ক পোকা ও বাচ্চা (নিম্ফ) মধু রস নিঃসরণ করলে পাতার উপর ছত্রাক জমে কালো আবরণ পড়ে আর এ অবস্থাকে স্যুটি মোল্ড বলে। এ অবস্থায় গাছের খাদ্য তৈরি ব্যাপকভাবে বাধাগ্রস্ত হয় ফলে গাছ দুর্বল হয়ে পড়ে ও কম বাড়ে।
- ছোট ছোট কচি ডাল গুলো শুকিয়ে আসতে থাকে।



ছবি : পেয়ারার সাদা মাছি আক্রান্ত পাতা

দমন ব্যবস্থাপনা:

- মাঝে মাঝে , সম্ভব হলে প্রতি সপ্তাহে অন্ততঃ একবার পেঁয়ারা পাতার নিচের দিকে বিশেষকরে নভেশ্বর মাস থেকে দেখা শুরু করতে হবে। যদি পাতার নিচে সাদা মাছির উপস্থিতি দেখা যায় এ ক্ষেত্রে পোকা সহ পাতা, ডাল কেটে সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে।
- খরা মৌসুমে গাছের গজানো কচি শাখা কেটে ফেলতে হবে।
- আক্রমণের শুরুতে পর পর কয়েকদিন শুধু পানি স্প্রে করেও এ পোকা দমন করা যায়। এতে দমন না হলে নিমবিসিডিন নামক কীটনাশক অনুমোদিত মাত্রানুযায়ী পানিতে মিশিয়ে গাছ ও পাতায় স্প্রে করা যেতে পারে।
- কাপড় কাঁচা গুড়া সাবান ৫০ গ্রাম প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে বা ৫০ মিঃলিঃ ট্রিক্স মিশিয়ে পাতার নিচের দিক থেকে ভালভাবে ভিজিয়ে স্প্রে করতে হবে।
- আলোক ফাঁদ ব্যবহার করেও কিছু পূর্ণঙ্গ মাছিকে আকর্ষণ করে মারা যায়। এক্ষেত্রে পেঁয়ারা বাগানে সন্ধ্যা বেলায় হ্যাঁজাক বা বৈদ্যুতিক বাতি জ্বালিয়ে বাঁশে ঝুলিয়ে দিতে হবে এবং তার পাশে এক বর্গ ফুট আকারে সাদা বোর্ডে ভেসলিন বা গ্রিজ লেপে একটা কাঠি দিয়ে আলো বরাবর টাঙ্গিয়ে দিতে হবে। আলোতে সাদা মাছির আকৃষ্ট হবে এবং সাদা বোর্ডের আঠায় আটকে মারা যাবে। এভাবে পরপর ২-৪ দিন ব্যবহার করলে সাদা মাছি দমন হবে।
- পেঁয়ারা কলম বা চারা এক স্থান থেকে অন্য স্থানে নেয়ার সময় সাদা মাছি পোকাকার কোন উপস্থিতি আছে কিনা তা ভাল করে দেখে নিতে হবে।
- সর্বশেষ ব্যবস্থা হিসাবে অনুমোদিত বালইনাশক ব্যবহার করা। যেমন : প্রফেনোফস (৪০%) + সাইপারমেথ্রিন (২৫%) গ্রুপের সোবিফ্রন ৪২৫ ইসি অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক , উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।